আজ রবিবার প্রধানমন্ত্রীর সংবাদ সম্মেলন

জাপান, সৌদি আরব এবং ফিনল্যান্ড সফর নিয়ে সংবাদ সম্মেলন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার (৮ জুন) প্রধানমন্ত্রীর কার্যালয়ের
প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়।

রোববার (৯ জুন) বিকেল ৫টায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে জাপান,
সৌদি আরব এবং ফিনল্যান্ড সফর পরবর্তী ‘প্রেস কনফারেন্স’ অনুষ্ঠিত হবে।
রাষ্ট্রীয় সফর নিয়ে দেশবাসীকে অভিহিত করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

এদিকে ত্রিদেশীয় সফর শেষে বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট
শনিবার বেলা ১১টার দিকে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন
প্রধানমন্ত্রী।

এর আগে কাতার এয়ারলাইন্সের একটি বিমান ফিনল্যান্ড সময় সন্ধ্যা ৬টায়
প্রধানমন্ত্রী ও তার সফর সঙ্গীদের নিয়ে কাতারের রাজধানী দোহার উদ্দেশে
হেলসিংকি আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে।